

৬.আমি কোরআনকে সহজ করে দিয়েছি বোঝার

জন্যে - অতএব কোন চিন্তাশীল আছে কি? - (১)

الَّذِينَ اتَّخَذُوا دِينَهُمْ لَهْوًا وَلَعِبًا وَغَرَّتْهُمْ الْحَيَاةُ الدُّنْيَا فَأَلْيَوْمَ نَنْسَاهُمْ
كَمَا نَسُوا لِقَاءَ يَوْمِهِمْ هَذَا وَمَا كَانُوا بِآيَاتِنَا يَجْحَدُونَ

তারা স্বীয় ধর্মকে তামাশা ও খেলা বানিয়ে নিয়েছিল এবং পার্থিব জীবন তাদের কে ধোকায় ফেলে রেখেছিল। অতএব, আমি আজকে তাদেরকে ভুলে যাব; যেমন তারা এ দিনের সাক্ষাৎকে ভুলে গিয়েছিল এবং যেমন তারা আয়াতসমূহকে অবিশ্বাস করত।

(সূরা আল আরাফ - ৫১)

আল্লাহর দ্বীন থেকে দূরে সরে যেতে যেতে আমাদের অবস্থা এত বেশি খারাপ হয়ে গেছে যে দ্বীনের ব্যাপারে আমাদের কোন সচেতনতাই নাই! দ্বীন, ইসলাম এগুলোর সাথে আমাদের জীবনের সম্পর্ক কি আমাদের কোন খেয়াল নাই। **আমাদের বাচ্চাদের কোচিং নিয়ে আমরা যতটুকু পেরেশান থাকি তার সামান্য পরিমাণ পেরেশানি আমাদের মধ্যে আমাদের নিজেদের দ্বীন এর ব্যাপারে হয় না।**

আর এ সবেের কারণ - দ্বীনের ব্যাপারে উদাসীনতা, অবহেলা।
এটা তো এমন পর্যায়ে চলে গেছে যে এখন মুসলিম ঘরের
সন্তান তার দ্বীন কে খেল তামাশার বস্তু বানিয়ে ফেলেছে!
দ্বীনের হুকুম আহকাম তাদের কাছে তামাশা মনে হয়! তুচ্ছ
তাচ্ছিল্য করে। এই দুনিয়ার জীবন তাদেরকে বড় ধোঁকায়
ফেলে দিয়েছে।

এই সমস্যা আমাদের কাছে প্রকট মনে হয়না। কিন্তু দেখি
আল্লাহ কি বলছেন - আল্লাহ বলছেন আমি আজ তাদেরকে
ভুলে যাবো যেমন তারা এ দিনের সাক্ষাৎ কে ভুলে গেছিলো।

কোনদিন আল্লাহ ভুলে যাবেন? যেদিন আল্লাহ ছাড়া সাহায্য
করার আর কেউ নাই। যেদিন আল্লাহর হুকুম ছাড়া কেউ
একটি কথাও বলতে পারবেনা। যেদিন সমস্ত জিন্ন, ইনসান
এবং ফেরেশতা আল্লাহর সামনে ভীত হয়ে দন্ডায়মান হয়ে
থাকবে। তোমরা যারা হাসার তারা হেসে নাও - আল্লাহ
তোমাদের কথাই বলছেন। সেদিন আল্লাহ তোমাদের ভুলে
যাবেন।

আল্লাহ যদি সেই দিন কাউকে ভুলে যায় তবে তার ব্যাপারে
শুধু এক টি শব্দই প্রযোজ্য - **আর সেটি হচ্ছে ধ্বংস!**

-

আল্লাহ বলেন,

আমি কোরআনকে সহজ করে দিয়েছি বোঝার জন্যে -
অতএব কোন চিন্তাশীল আছে কি?